# এভারকেয়ার হাসপাতালে ভর্তি নজরুল ইসলাম খান



নজরুল ইসলাম খান। ছবি: সংগৃহীত

বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও প্রধানমন্ত্রীর উপদেষ্টা নজরুল ইসলাম খান অসুস্থ হয়ে রাজধানীর এভারকেয়ার হাসপাতালে ভর্তি হয়েছেন। বর্তমানে তিনি চিকিৎসকদের নিবিড় পর্যবেক্ষণে রয়েছেন। তার শারীরিক অবস্থা বিবেচনায় আপাতত কারও সঙ্গে সাক্ষাৎ না করার অনুরোধ জানিয়েছেন চিকিৎসকরা।

বুধবার (১ জুলাই) বিএনপির মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খান বিষয়টি নিশ্চিত করেন।

জানা গেছে, গত ২৫ জুন চিকিৎসা শেষে সিঙ্গাপুর থেকে দেশে ফেরেন নজরুল ইসলাম খান। পরবর্তীতে শারীরিক অবস্থার কারণে ৩০ জুন তাকে এভারকেয়ার হাসপাতালে ভর্তি করা হয়। বর্তমানে বিশেষজ্ঞ চিকিৎসকদের তত্ত্বাবধানে তার চিকিৎসা চলছে।

LENS ASIA